গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়,সাতক্ষীরা।
Email: satkhira@cs.dghs.gov.bd

স্মারক নং-সিএস/সাত/শা-১/২০২৪/৪১৫

তারিখঃ ১৮/০২/২০২৪ ইং।

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, প্রশাসন-১ অধিশাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং ৪৫.০০.০০০০.১৪০.১১.০০৭.২৩-২৩ তারিখ: ০৩/০১/২০২৪ ইং এবং স্মারক নং ৪৫.০০.০০০০.১৪০.১১.০০৭.২৩-৩২২ তারিখ: ০৫/০২/২০২৪ ইং মোতাবেক সিভিল সার্জনের কার্যালয়, সাতক্ষীরা ও এর নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহের রাজস্ব খাতের (১১-২০গ্রেড) নিম্নলিখিত শূন্য পদসমূহে জনবল নিয়োগের লক্ষ্যে সাতক্ষীরা জেলার স্থায়ী বাসিন্দাদের (বাংলাদেশের প্রকৃত নাগরিক) নিকট হতে নিম্নবর্ণিত শর্তে অনলাইন (Online) **http://cssat.teletalk.com.bd** আবেদন আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন প্রকার আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন গ্রেড ও স্কেল ২০১৫ অনুযায়ী | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | কম্পিউটার অপারেটর | ০২ | গ্রেড-১৩ (১১০০০-২৬৫৯০/-) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় অন্যূন ২৫ শব্দ এবং ইংরেজীতে প্রতি মিনিটে ৩০ শব্দসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। |
| ০২ | সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ০১ | গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-) | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) কম্পিউটারর ব্যবহারের দক্ষতা ।<br>(গ) তফসিল-৩ অনুযায়ী সাঁটলিপি প্রতি মিনিটে সর্বনিম্ন গতি ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ; কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় অন্যূন ২৫ শব্দ এবং ইংরেজীতে প্রতি মিনিটে ৩০ শব্দসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। |
| ০৩ | পরিসংখ্যানবিদ | ০৫ | গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০/-) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান, গণিত, অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে। |
| ০৪ | কোল্ড চেইন টেকনিশিয়ান | ০১ | গ্রেড-১৫ (৯৭০০-২৩৪৯০/-) | কোন স্বীকৃত বোর্ড হইতে রেফ্রিজারেশন বা এয়ার কন্ডিশনিং ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ০৫ | স্টোর কিপার | ০৬ | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) স্টোর কিপার পদধারীগণকে সরকারি বিধি অনুযায়ী জমানত প্রদান করিতে হইবে। |
| ০৬ | স্বাস্থ্য সহকারী | ১০৮ | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ০৭ | ডার্করুম এসিস্ট্যান্ট | ০১ | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ০৮ | ড্রাইভার | ০৪ | গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০/-) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।<br>(গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকদের অগ্রাধিকার দেওয়া হবে। |

**আবেদনের শর্ত ও নির্দেশনাবলীঃ**

০১. আগ্রহী প্রার্থীগণ **http://cssat.teletalk.com.bd** ওয়েবসাইটে প্রকাশিত নির্দেশনা মোতাবেক অনলাইন এ আবেদন করতে পারবেন।

০২. (ক) নিয়োগ ও কোটা নির্ধারনের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধিবিধান প্রতিপালিত হবে।

(খ) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও সাতক্ষীরা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০৩. আবেদনকারীর বয়স ২২/০১/২০২৪ ইং তারিখে সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। তবে বীরমুক্তিযোদ্ধার/শহীদ বীরমুক্তিযোদ্ধার পুত্র, কণ্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স সর্বোচ্চ ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয় । এসএসসি সনদ/জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদে প্রদত্ত জন্ম তারিখের ভিত্তিতে বয়স প্রমাণিত হবে।

০৪. সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে সরকারি বিধিবিধান অনুসরণ পূর্বক (নির্ধারিত বয়স সীমার মধ্যে) অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং সকল চাকুরীরত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি সনদের (NOC) মূল কপি বাধ্যতামূলকভাবে জমা দিতে হবে।

০৫. প্রার্থী কর্তৃক আবেদনপত্রের বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইতঃপূর্বে কোন সার্টিফিকেট বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় তবে সেক্ষেত্রে প্রার্থীকে পরবর্তিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয়পত্র (এনআইডি) উল্লেখসহ সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র দাখিল করতে হবে।

০৬. স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে প্রার্থী যে ওয়ার্ডের (পুরাতন) জন্য আবেদন করবেন সে ওয়ার্ডের (পুরাতন) স্থায়ী বাসিন্দা হতে হবে। সংশ্লিষ্ট ওয়ার্ডে যদি যোগ্য প্রার্থী না থাকে সেক্ষেত্রে পাশ্ববর্তী ওয়ার্ড থেকে সর্বোচ্চ প্রাপ্ত নম্বরধারীকে অগ্রাধিকার দেওয়া হবে। যদি এক্ষেত্রে একাধিক প্রার্থীরড় নম্বর সমান হয় , তবে তাদের মধ্যে সর্বোচ্চ বয়সধারীকে অগ্রাধিকার দেওয়া হবে।

০৭. স্বাস্থ্য সহকারীর শূন্য পদের তালিকা (ওয়ার্ড/ইউনিয়ন/উপজেলা ভিত্তিতে) সিভিল সার্জন কার্যালয়, সাতক্ষীরা এবং সাতক্ষীরার স্ব স্ব উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ডে এবং ওয়েবসাইটে পাওয়া যাবে।

০৮. প্রার্থী কর্তৃক প্রদত্ত যেকোন তথ্য গোপন,অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন প্রকার প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে পরীক্ষা পূর্বে বা পরে এমনকি নিয়োগের পর যেকোন পর্যায়ে প্রার্থীর পরীক্ষা বা নিয়োগ বাতিল করা সহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না।

১০. প্রার্থী কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন। একাধিক পদের বিপরীতে আবেদন করলে তার সকল আবেদন বাতিল বলে গণ্য হবে।

১১. আবেদনের সময়সীমা ও নিয়মাবলী/শর্তাবলী নিম্নরূপ:-

(ক) Online এ আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১৯/০২/২০২৪ ইং বেলা ১০.০০ ঘটিকা হতে।

(খ) Online এ আবেদন জমাদানের শেষ তারিখ ও সময় ১০/০৩/২০২৪ ইং বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত।

(গ) উক্ত সময়সীমার মধ্যে ইউজার আইডি প্রাপ্ত প্রার্থীগণ online আবেদন সাবমিট এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন ।

১২. Online এ আবেদনপত্রে প্রার্থীকে তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০) Pixel এবং স্বাক্ষর ( দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ 100 kb এবং স্বাক্ষর সাইজ সর্বোচ্চ 60 kb এর মধ্যে হতে হবে।

১৩. Online এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইন আবেদন করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

১৪. প্রার্থী online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

১৫. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষা ফি প্রদান:

Online আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। যদি Applicant's copy তে কোন ভুল তথ্য থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/ পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার

বিষয়টি PDF copy ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's কপি প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং পরবর্তীতে User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-প্রেইড মোবাইল নম্বর এর মাধ্যমে ০২ (দুইটি) এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ০১ থেকে ০৮ পর্যন্ত পদের জন্য ২০০/- ও টেলিটক এর সার্ভিস চার্জ ২৩/- টাকা সহ মোট ২২৩/-(দুইশত তেইশ টাকা,অফেরতযোগ্য ) অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online এ আবেদন পত্রের সকল অংশ পূরণ করে করা Submit হলেও পরীক্ষা ফি জমা না দেওয়া পর্যন্ত এ আবেদনপত্র কোন অবস্থায় গৃহীত হবে না।

**১ম এসএমএস :**

CSSAT<Space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example: CSSAT ABCDEF**

Reply SMS: Applicant Name.......TK 223...will be charged as application Fee. Your PIN is XXXXXXXXXXX.

To pay fee type CSSAT <Space> YES <Space> PIN and Send to 16222.

**২য় এসএমএস :**

**CSSAT<Space>YES<Space>PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**Example: CSSAT YES XXXXXXXXXXX.**

Reply SMS: Congratulation, Applicant's Name. Your payment is completed successfully for CSSAT for Application for xxxxxxxxxxx. User ID is (ABCDEF) and Password (xxxxxxxxx).

১৬. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://cssat.teletalk.com.bd** অথবা www.cs.satkhira.gov.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে (শুধু মাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথা সময়ে জানানো হবে। Online এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে। বিধায় উক্ত নাম্বারটি সার্বক্ষণিক সচল রাখা, এসএমএস পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয় ।

১৭. SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী ডাউনলোড পূর্বক প্রিন্ট (রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার (প্রযোজ্য ক্ষেত্রে) সময় অবশ্যই প্রদর্শন করবেন।

১৮. শুধু টেলিটক প্রি-প্রেইড মোবাইলফোন থেকে প্রার্থীগণ নিম্ন বর্নিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

ক) User ID জানা থাকলে: **CSSAT<Space>Help<Space>User<Space>User ID** and Send to **16222.**

**Example: CSSAT Help User ABCDEF.**

খ) PIN Number জানা থাকলে: **CSSAT<Space> Help<Space>User<Space>Pin Number** and Send to **16222.**

**Example: CSSAT Help PIN 12345678.**

১৯. অনলাইন এ আবেদন করতে সমস্যা হলে **alljobs.query@teletalk.com.bd** অথবা টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে যোগাযোগ করা যাবে। এছাড়া বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল ফেসবুক পেইজ **https://www.facebook.com/alljobsbd Teletalk** -এ প্রবেশ করে মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। অথবা alljobs.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। Mail/ মেসেজ এর Subject এ Organization Name : CSSAT, Post Name, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

২০. এই নিয়োগ বিজ্ঞপ্তি সম্পর্কিত যে কোন সংশোধন, সংযোজন ইত্যাদি (যদি থাকে) এবং প্রার্থীগণের জন্য প্রয়োজনীয় অন্যান্য তথ্য সিভিল সার্জনের কার্যালয়, সাতক্ষীরা এর নোটিশ বোর্ডের মাধ্যমে অথবা www.cs.satkhira.gov.bd ওয়েবসাইটে জানা যাবে।

২১. প্রাথমিক ভাবে যাচাই বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে। কেবল মাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মোখিক পরীক্ষায় সময় নিম্নোক্ত কাগজপত্র সমূহের মূল কপি বাধ্যতামূলকভাবে প্রদর্শন করতে হবে এবং এক সেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যয়ন সরকারী ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম ও পদবী উল্লেখ সহ ) কর্তৃক সম্পাদিত হতে হবে।

২২. মৌখিক পরীক্ষায় সময় নিম্নোক্ত সনদ/প্রয়োজনীয় কাগজ পত্রের মূল কপি সংগে আনতে হবে ।

ক) সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদপত্র/সাময়িক সনদপত্র/প্রত্যয়নপত্র/অনুমতিপত্র ।

খ) জেলার স্থায়ী বাসিন্দা হিসাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক ইস্যুকৃত (নিজ জেলা উল্লেখ করত:) নাগরিকত্ব সনদ।

গ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্র।

ঘ) আবেদনকারী পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন সত্যায়িত ছবি।

ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকার সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযোদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র/প্রমাণক।

চ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার পুত্র-কণ্যা এবং পুত্র-কণ্যাগণের পুত্র-কণ্যা হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্র।

জ) এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক/দ্বায়িত্বপ্রাপ্ত সংশ্লিস্ট কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদপত্র।

ঝ) প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার দক্ষতার প্রমাণস্বরূপ সনদপত্র।

ঞ) ডাউনলোডকৃত Applicant's Copy এবং Admit Card এর রঙিন প্রিন্ট কপি।

২৩. প্রার্থীকে লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা দেয়া হবে না।

২৪. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/ পরিবর্তন/ পরিমার্জন ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। অনলাইন আবেদন ও নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোনো প্রকার আপত্তি উত্থাপন করা যাবে না।

২৫. প্রার্থীকে লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার ফলাফল এবং নিয়োগ সংক্রান্ত সকল তথ্য সিভিল সার্জনের কার্যালয়ের নোটিশ বোর্ড ও (www.cs.satkhira.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে। এছাড়া QR Code স্ক্যানের মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জব পোর্টাল **https://alljobs.teletalk.com.bd** ও ওয়েব সাইটে সরাসরি প্রবেশ করে বিজ্ঞপ্তিটি ও অন্যান্য তথ্যাদি
পাওয়া যাবে।

২৬. **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদন পত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদন পত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যেকোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

সিভিল সার্জন,
সাতক্ষীরার ওয়েবসাইটে
প্রবেশ এর QR Code

সিভিল সার্জন,
সাতক্ষীরা এর টেলিটক
পোর্টালের QR Code

18.02.24

ডা: শেখ সুফিয়ান রুস্তম
সিভিল সার্জন,সাতক্ষীরা।
ও সদস্য সচিব
১১-২০ গ্রেড জনবল নিয়োগ কমিটি,
সিভিল সার্জনের কার্যালয় ও এর নিয়ন্ত্রণাধীন
স্বাস্থ্যপ্রতিষ্ঠান সমূহ, সাতক্ষীরা।